

নং-৪৬.২০৭.০১১.০৩.০২.৫১৯২.২০০৬ - ২৬০

তারিখ: ৩০ শ্রাবণ ১৪২৫
১৪ আগস্ট ২০১৮

বিষয়ঃ- কারণ দর্শানো নোটিশ।

যেহেতু আপনি জনাব মোঃ সালাউদ্দিন, অফিস সহায়ক, পরিবেশ জলবায়ু ও দূর্যোগ ব্যবস্থাপনা সার্কেল গত ফেব্রুয়ারী-২০১৮ মাসে ১৬(ষোল) দিন, মার্চ-২০১৮ মাসে ০৪(চার) দিন, এপ্রিল-২০১৮ মাসে ১৮(আঠারো) দিন, মে-২০১৮ মাসে ১২(বার) দিন সহ সর্বমোট ৫০(পঞ্চাশ) দিন কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। এছাড়া ইতোপূর্বেও কর্তৃপক্ষের বিনানুমতিতে মাঝে মাঝে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগ পাওয়া গেছে। আপনি লিখিত বা অন্য কোন মাধ্যমে অনুপস্থিতির কারণ অবহিত করেননি এবং কর্তৃপক্ষের সাথে কোন প্রকার যোগাযোগ রক্ষা করেননি। কর্তৃপক্ষ এ বিষয়ে আপনাকে লিখিত ও মৌখিকভাবে বার বার সতর্ক করার পরও আপনার আচরণের কোনরূপ পরিবর্তন হয়নি। আপনার এহেন অননুমোদিত অনুপস্থিতির কারণে কর্পোরেশনের সেবামূলক কার্যক্রম মারাত্মকভাবে বিঘ্নিত হয়েছে এবং নগরবাসীর নিকট কর্পোরেশনের সুনাম মারাত্মকভাবে ক্ষুন্ন হয়েছে। যা কর্তব্য কক্ষে অবহেলা ও অসদাচরণের সামিল এবং শাস্তিযোগ্য অপরাধ।

এ অবস্থায়, কর্তৃপক্ষের বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকার দায়ে আপনার বিরুদ্ধে কেন ঢাকা পৌর কর্পোরেশন কর্মচারী চাকুরী বিধিমালা ১৯৮৯ এর ৩৯(ক) ও (খ) উপধারা মোতাবেক বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবেনা তা এ নোটিশ প্রাপ্তির ৭(সাত) কর্মদিবসের মধ্যে নিয়ন্ত্রাঙ্করকারীকে লিখিতভাবে জানাতে নির্দেশ দেয়া হলো। অন্যথায় আপনার বিরুদ্ধে চাকুরী বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

জনাব মোঃ সালাউদ্দিন
অফিস সহায়ক
পরিবেশ জলবায়ু ও দূর্যোগ ব্যবস্থাপনা সার্কেল
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

(রবীন্দ্রশ্রী বড়ুয়া)
সচিব
ফোন-৮৮৩৪৯৩০
ফ্যাক্স-৮৮৩৪৯৮৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। প্রধান প্রকৌশলী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পরিবেশ জলবায়ু ও দূর্যোগ ব্যবস্থাপনা সার্কেল, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

৪। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল(আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

৫। প্রধান নির্বাহী কর্মকর্তার স্টাফ অফিসার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৬। মেয়র মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (প্যানেল মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৭। সংশ্লিষ্ট কর্মচারী, জনাব....., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

৮। অফিস কপি।